

- ৬। কোনো সাহিত্যের ইতিহাসের কাছে ঠিক কী তোমার প্রত্যাশা? সেই নিরিখে উনিশ শতকের বাংলার সাহিত্যের ইতিহাস রচনার প্রাথমিক প্রয়াসগুলির সম্ভাবনা ও সীমাবদ্ধতা কী ছিল বলে তোমার মনে হয়?

কলা স্নাতকোত্তর অন্ত্য-সিমেন্টার পরীক্ষা, ২০২৩

(প্রথম বর্ষ, প্রথম সিমেন্টার)

বাংলা

কোর্স : পি জি ১.৫৪ (ঐচ্ছিক)

সাহিত্য ও ইতিহাস : উনিশ শতক

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের। ৩×১০=৩০

- ১। ‘বঙ্গদেশের কৃষক’ প্রবন্ধে চারিদিকের নানান মঙ্গলের ফিরিস্তি দিয়েও বঙ্কিমচন্দ্র সেই মঙ্গলের ঘটায় ছলুধ্বনিতে গলা মেলাতে রাজি হননি। প্রবন্ধ অবলম্বনে তাঁর এই অবস্থানটি বুঝিয়ে এ বিষয়ে মন্তব্য করো।
- ২। উপনিবেশ পর্বে আর যাই র্যেনেসাঁস হতে পারে না। — উনিশ শতকের বাংলার সমাজ-ইতিহাস প্রসঙ্গে এই মন্তব্যের যথার্থ্য বিচার করে এ বিষয়ে তোমার মত প্রতিষ্ঠা করো।
- ৩। বাংলার ইতিহাসের ও বাংলা সাহিত্যের ইতিহাসের প্রচলিত যুগ-বিভাগের যুক্তি বিচার করো ও এ বিষয়ে তোমার মত জানাও।
- ৪। রাজপুত ও মারাঠা বীরত্বের কাহিনিতে উনিশ শতকের বাঙালি লেখকের আগ্রহের স্বরূপ তোমার পড়া প্রাসঙ্গিক রচনার ভিত্তিতে আলোচনা করে সে বিষয়ে মন্তব্য করো।
- ৫। ‘বাঙ্গালীর বাহুবল’ নিয়ে হা-পিত্যেশ করলেও উনিশ শতকের বাঙালি মনীষা নিকট অতীতের বাংলার বিদ্রোহীদের নায়কের মর্যাদা দেয়নি। বিষয়টি তোমাকে কীভাবে ভাবায়?